সংবাদ

তারিখ 17 JUL 2017
পৃষ্ঠা 8 কলাম 8

# ঢাবি সাংবাদিকতা বিভাগে ৫ শিক্ষার্থী আবদুস সালাম বৃত্তি পেল

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

২০১৪ সালের বিএসএস (সম্মান) পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের পাঁচজন মেধাবী শিক্ষার্থী পেল 'সম্পাদক আবদুস সালাম স্মারক বৃত্তি'। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন– ফারুক হোসেন, মো. জাহিদুর রহমান, মো. মাহমুদুল হাসান, নাজমুল হাসান এবং হোসনেয়ারা। এছাড়া, সাংবাদিকতায় অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ সাংবাদিক শাহেদ কামালকে দেয়া হয়েছে আজীবন সম্মাননা।

গতকাল মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে এই স্মারক বৃত্তি ও আজীবন সম্মাননা দেয়া হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আআমস আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কৃতী শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মফিজ উদ্দিন। এছাড়া আরও বক্তব্য রাখেন সম্পাদক আবদুস সালামের কন্যা রেহানা সালাম। অনুষ্ঠানে 'সম্পাদক আবদুস সালাম স্মারক বক্তৃতা' দেন বিভাগীয় অনারারি অধ্যাপক ড. সাখাওয়াত আলী খান। অনুষ্ঠান পরিচালনা করেন বিভাগের সহযোগী অধ্যাপক রোবায়েত ফেরদৌস। এ সময় প্রয়াত সাংবাদিক আবদুস সালাম ও এবিএম মুসার পরিবারের সদস্যরাও উপস্থিত ছিলেন। প্রসঙ্গত, প্রয়াত সাংবাদিক এবিএম মুসা শ্বশুরের স্মৃতি রক্ষার্থে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগে 'সম্পাদক আবদুস সালাম মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড' গঠন করেছিলেন।

প্রাপ্তি নং.............................
প্রশাসনিক কর্মকর্তা
স্বাক্ষর